



নতুন ধারার সৈমিক

# আমাদের ময়

১৩-০২-২০২৫, অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বসন্তকালীন সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত



বসন্তকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। আজ বৃহস্পতিবার রাজধানীর আফতাবনগরে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এই নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই সেমিস্টারে বিশ্ববিদ্যালয়ের ১৫টি বিভাগে প্রায় ১ হাজার ৮৫০ জন শিক্ষার্থীকে বরণ করা হয়েছে।

নবীনবরণ অনুষ্ঠানের প্রথমভাগে প্রধান অতিথি হিসেবে বঙ্গব্য দেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডলি কমিশনের সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন। বিশেষ অতিথি হিসেবে বঙ্গব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান এবং সভাপতির বঙ্গব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদের ডিমরা নবীনদের উদ্দেশে নিজ নিজ অনুষদের সন্তাননা নিয়ে বঙ্গব্য দেন। এছাড়া নবীন শিক্ষার্থীদের প্রতিনিধি হিসেবে একজন শিক্ষার্থীও তার অনুভূতি উপস্থাপন করেন।

অনুষ্ঠানে বঙ্গব্য নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবনে কঠোর অধ্যবসায়ের পাশাপাশি বিভিন্ন ক্লাব, গবেষণাগার এবং লাইব্রেরিতে সক্রিয় হয়ে একজন দক্ষ মানবসম্পদ রূপে নিজেকে গড়ে তোলার প্রস্তুতি নিতে প্রারম্ভ দেন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রান্স্টি বোর্ডের সদস্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী এবং তাদের অভিভাবকরা অংশগ্রহণ করেন। পরে বিভাগ ভিত্তিক অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেবার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়ম-কানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারনা দেওয়া হয়।